

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১০.১৯.৬৯

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৫

১০ মার্চ ২০১৯

অফিস আদেশ

জনাব বিশ্বজিৎ সরকার, মাঠসহকারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, দেলদুয়ার, টাঙ্গাইল গত ০৯.১১.২০১৬ তারিখ ০৭ (সাত) দিনের ছুটি নিয়ে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি। এ বিষয়ে উপজেলা সমন্বয়কারী কর্তৃক গত ২৯.১১.২০১৬ ও ১৪.০৩.২০১৬ তারিখ অফিসে যোগদানের জন্য তাকে পত্র দেয়া হয়। কিন্তু তিনি কোন জবাব প্রদান করেননি এবং অফিসের কারও সাথে কোন যোগাযোগ করেননি। এ ছাড়া মুঠোফোনে তার সাথে যোগাযোগ করা হলেও তিনি কর্মস্থলে যোগদান করেননি মর্মে লিখিত অভিযোগ পাওয়া গেছে।

০২। বিষয়টি অত্যন্ত হতাশাজনক, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং গুরুতর অসদাচরণের শামিল। এহেন অবস্থায় তাকে প্রকল্পের চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে।

০৩। এমতাবস্থায়, মাঠসহকারী জনাব বিশ্বজিৎ সরকার-কে অস্থায়ী চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬নং শর্তানুযায়ী প্রকল্পের চাকুরি হতে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদান করা হলো। একইসাথে প্রকল্পে কর্মরত থাকাকালে তার নিকট কোন সরকারি অর্থ পাওনা থাকলে তা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো। সরকারি অর্থ পাওনা অর্থ যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল-কে অনুরোধ করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



১৩-৩-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১০.১৯.৬৯/১(৯)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৫

১০ মার্চ ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৪) প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, টাঙ্গাইল।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৮) উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৯) জনাব বিশ্বজিৎ সরকার, মাঠসহকারী(চূড়ান্তভাবে অব্যাহতিপ্রাপ্ত), একটি বাড়ি একটি খামার প্রকল্প, দেলদুয়ার, টাঙ্গাইল।



১৩-৩-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক